

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

ভিশন

মৃত্তিকার স্বাস্থ্য সুরক্ষায় কৌশল ব্যবহারের মাধ্যমে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত মৃত্তিকা সংরক্ষণ পদ্ধতি উন্নত করে চা-এর উৎপাদন বৃদ্ধি ও গুণগত মান উন্নতি করা।

মিশন

মৃত্তিকার স্বাস্থ্য সংরক্ষণের মাধ্যমে ফলন সর্বোচ্চ কাম্বিত পর্যায়ে উন্নতিকরণ করতে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও প্রচলিত মৃত্তিকা সংরক্ষণ পদ্ধতির উন্নতি সাধন।

কার্যাবলী

মৃত্তিকা বিজ্ঞান বিভাগের কাজ হল মাটির স্বাস্থ্য সুরক্ষার কলা কৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে উৎপাদন ও চাষের গুণগত মান বৃদ্ধি। মাটিকে দূষণের হাত থেকে রক্ষা করে উৎপাদন ব্যবস্থা যথাযথ রাখা।

বিটিআরআই-এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ-

- ❖ চা মৃত্তিকা গবেষণা কার্যক্রম তথা মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রচলিত পরিচার্যিক পদ্ধতি যেমন নিয়মিত সঠিক মাত্রায় সার প্রয়োগ এবং প্রয়োজনে ঘাটতি লক্ষণ জেনে অতিরিক্ত মাত্রায় সার প্রয়োগ।
- ❖ চা বাগানে মৃত্তিকা সংশ্লিষ্ট কোন সমস্যা দেখা দিলে সে সমস্যার সমাধানের সরেজমিনে পরিদর্শন ও সমস্যা চিহ্নিত করে উপদেশ প্রদান।
- ❖ বেশি পুরাতন চা অর্থাৎ যেগুলোর উৎপাদন খুব কম সেগুলোর মূল উৎপাদন করে মাটি ২ বৎসর পুনর্বাসনের আওতায় রেখে মাটির পুষ্টিমান উন্নত করার পর তার পুনঃরোপনে উৎসাহিত করা।
- ❖ মাটির জৈব কার্বন ঠিক রাখার জন্য কম্পোস্ট ও ভার্মিকম্পোস্ট তৈরীর পদ্ধতি উদ্ভাবন ও বাগানে এই পদ্ধতি প্রয়োগে উৎসাহিত করা।
- ❖ দেশে চাষের ক্রমবর্ধমান চাহিদার আলোকে নতুন এলাকা চা চাষের আওতায় আনার জন্য চা চাষের মাটির উপযুক্ততা নির্ধারণ ও স্থানীয় জনগণকে চা চাষে উদ্বুদ্ধ করা।
- ❖ মৃত্তিকা, পানি, সার, ডলোমাইট, কম্পোস্ট ও ভার্মিকম্পোস্টের বিশ্লেষণের মাধ্যমে গুণগতমান নির্ধারণ এবং সার প্রয়োগের সুপারিশমালা ও উপদেশ প্রদান।

মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অর্জনসমূহ

- ❖ চাষের পুরাতন মৃত্তিকা পুনর্বাসনের প্রযুক্তি উদ্ভাবন ও বাগানে প্রয়োগের সুপারিশ।
- ❖ জৈব সার ও ভার্মিকম্পোস্ট উৎপাদন পদ্ধতির প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগ পদ্ধতি।
- ❖ নিয়মিত ও পুষ্টি উপাদান ঘাটতি পূরণে সার প্রয়োগ সুপারিশমালা উদ্ভাবন ও প্রয়োগ পদ্ধতি।
- ❖ পোল্ট্রি সারের উপাদান নির্ণয়, মাত্রা ও প্রয়োগ পদ্ধতি।
- ❖ পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, দক্ষিণ চট্টগ্রাম, কক্সবাজার, পার্বত্য চট্টগ্রাম, ময়মনসিংহের গারো পাহাড়, মধুপুর, কুমিল্লার লালমাই পাহাড়ের মাটিতে চা চাষের উপযুক্ততা নির্ণয় ও আবাদের পরামর্শ।

মৃত্তিকা বিজ্ঞান বিভাগের চলমান কার্যক্রমসমূহ


- ❖ চা মৃত্তিকার বৈশিষ্ট্য ও প্রাপ্তবয়স্ক চাতে ডলোচুনের প্রভাব।
- ❖ চা মৃত্তিকার ভৌত ও জৈব বৈশিষ্ট্যগত উন্নয়ন চায়ের উৎপাদন সর্বাধিক বৃদ্ধিতে জৈব ও রাসায়নিক সারের প্রভাব।
- ❖ চা মৃত্তিকার বৈশিষ্ট্য উন্নয়ন ও অপ্রাপ্তবয়স্ক ও প্রাপ্ত বয়স্ক চা-এর ফলন বৃদ্ধিতে ভার্মিকম্পোস্টের প্রভাব।
- ❖ চা মৃত্তিকার গৌণ পুষ্টি উপাদানসমূহের অবস্থা নির্ণয়, প্রাপ্ত ও অপ্রাপ্তবয়স্ক চা-এর উৎপাদনে তাদের প্রভাব।

মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ভবিষ্যত পরিকল্পনাসমূহ

- ❖ ডলোমাইট ও জৈব পদার্থ প্রয়োগের মাধ্যমে মৃত্তিকাকে দূষণ হতে রক্ষা এবং মৃত্তিকা সংরক্ষণের জন্য দীর্ঘ ও স্বল্পমেয়াদী টেকসই প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ চা মৃত্তিকার কার্বন স্বতন্ত্রীকরণ ও কার্বন ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনের সাথে সংগতি রাখা।
- ❖ চা মৃত্তিকা ও উৎপাদিত চাতে ভারী ধাতুসমূহের উপস্থিতি ও সর্বোচ্চ অনুমতিযোগ্য মাত্রা নির্ণয় ও সে অনুযায়ী মৃত্তিকা সংরক্ষণ ব্যবস্থাপনা।

মৃত্তিকা বিজ্ঞান বিভাগের জনবল

	<u>অনুমোদিত পোস্ট</u>	<u>কর্মরত পদের সংখ্যা</u>	<u>শূন্য পদের সংখ্যা</u>
<u>ক. রিসার্চ পার্সোনেল</u>			
১। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও)	১	-	১
২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	-	১
৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	২	২	-
৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	৪	৩	১
<u>খ. সাপোর্ট সার্ভিস</u>			
১। উর্ধ্বতন গবেষণাগার সহায়ক (এসএলএইচ)	১	-	১
২। গবেষণাগার সহায়ক (এলএইচ)	২	২	-
৩। অফিস সহায়ক (এমএলএসএস)	২	১	১


(অসীম কুমার সাহা)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও বিভাগীয় প্রধান
মৃত্তিকা বিজ্ঞান বিভাগ
বিটিআরআই